

জামালপুর শহরতলীর চন্দ্রা ঘুন্টিতে মাকে কুপিয়ে হত্যা মামলার একমাত্র আসামী ছেলে মঞ্জুকে গ্রেপ্তার করেছে পুলিশ।

আজ বৃহস্পতিবার (১৬ এপ্রিল) ভোরে ময়মনসিংহ জেলার গৌরীপুর উপজেলার নাওভাঙ্গাচরের দক্ষিন পাড়া গ্রামে বাবা তোতা মিয়ার বাড়ি থেকে তাকে গ্রেপ্তার করা হয়।

পুলিশ জানায়- ১৫ এপ্রিল সকালে বাড়ির পাশে গাছ বিক্রির দাম নিয়ে কথা কাটাকাটির এক পর্যায়ে কুপিয়ে মা মঞ্জিলা বেগম জিরাকে হত্যা ও গাছ কাটতে আসা এক ব্যক্তিকে আহত করে মঞ্জু। এরপর ঘটনাস্থল থেকে পালিয়ে যান তিনি। এই ঘটনায় মঞ্জিলা বেগমের ছোট ছেলে জীবন বাদী হয়ে একটি হত্যা মামলা দায়ের করেন। পরে অভিযান পরিচালনা করে মঞ্জুকে গ্রেপ্তার করে পুলিশ।

জামালপুর থানার অফিসার ইনচার্জ আবু ফয়সল মো আতিক বলেন- জামালপুরে আলোচিত মাকে কুপিয়ে হত্যা মামলায় আসামী ময়মনসিংহ জেলার গৌরীপুর উপজেলার নাওভাঙ্গাচরের দক্ষিন পাড়া গ্রাম থেকে গ্রেপ্তার করা হয়েছে। আইনগত প্রক্রিয়া শেষে তাকে আদালতে সোপর্দ করা হবে বলে জানান তিনি।

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 24 April, 2025 19:56

URL: <https://timestodaybd.com/mymensingh/775807960>